

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৭৫৩

৪৬/ রাসূলুল্লাহ ্রান্ত্র ও তার সাহাবীগণের মর্যাদা (الله عن رسول الله عن رسول الله) পরিচ্ছেদঃ ২৭. সা'দ ইবনু আবী ওয়াক্কাস (রাযিঃ)-এর মর্যাদা

আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ الصَّبَّاحِ الْبَزَّارُ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنْ عَلِيّ بْنِ زَيْدٍ، وَيَحْيَى بْنِ سَعِيد، سَمِعَا سَعِيدَ بْنَ الْمُسَيَّب، يَقُولُ قَالَ عَلِيٌّ مَا جَمَعَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم أَبَاهُ وَأُمَّهُ لأَحَد إِلاَّ لِسَعْد قَالَ لَهُ يَوْمَ أُحُد " ارْمِ فِدَاكَ أَبِي وَأُمِّي وَقَالَ لَهُ ارْمِ أَيُّهَا الْغُلاَمُ الْحَزَوَّرُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ وَقَدْ رَوَى غَيْرُ وَاحِدٍ هَذَا الْحَدِيثَ عَنْ سَعْد .

বাংলা

৩৭৫৩। আলী (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সা'দ (রাঃ) ছাড়া অন্য কারো জন্য নিজের পিতা-মাতাকে একত্র করেননি। তিনি উহুদের যুদ্ধের দিন তাকে বলেনঃ আমার আব্বা-আম্মা তোমার জন্য কুরবান হোক। হে নব যুবক! (শক্রুর প্রতি) তীর নিক্ষেপ কর।

"হে নও জোয়ান" এ শব্দটি মুনকার ২৮২০ নং হাদীসে পূর্বে বর্ণিত হয়েছে।

আবূ ঈসা বলেনঃ এ হাদীসটি হাসান সহীহ। বহু রাবী এ হাদীস ইয়াহইয়া ইবনু সাঈদ হতে, তিনি সাঈদ ইবনুল মুসাঈয়্যাব হতে, তিনি সা'দ (রাঃ) হতে বর্ণনা করেছেন।

English

Narrated 'Ali:

"The Messenger of Allah (ﷺ) did not mention both (his) parents for anyone except Sa'd bin Abi Waqqas. On the Day of (the battle of) Uhud he said: 'Shoot, may my father and mother be ransomed for you.' And he said to him: 'Shoot O young man.'"

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন